গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
শিল্প মন্ত্রণালয়

# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)
## নকশা কেন্দ্র

১৩৭-১৩৮, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
www.bscic.gov.bd

স্মারক সংখ্যা: ৩৬.০২.০০০০.০১৯.১১.০০১.২০. ৭৬(৪)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ ব.
০৭ সেপ্টেম্বর ২০২৬খ্রি.

নকশা কেন্দ্র, বিসিক, ঢাকার অধীন পরিচালিত ০২ (দুই) মাস মেয়াদী "ফ্যাশন ডিজাইন ও পোশাক তৈরি" শীর্ষক নিম্নবর্ণিত কোর্সের (সেপ্টেম্বর-অক্টোবর ২০২৬ থেকে জুলাই-আগস্ট ২০২৭ সেশন) জন্য চুক্তিভিত্তিক 'প্রশিক্ষক (ফ্যাশন, কাটিং এবং সেলাই)' পদে বাংলাদেশি নাগরিক কর্তৃক আবেদনপত্র আহ্বান করা যাচ্ছেঃ

### চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি

| ক্র. নং | পদের নাম | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | নির্ধারিত প্রশিক্ষণ কার্যক্রম | নির্ধারিত সম্মানী |
|---|---|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষক (ফ্যাশন) | ০১ | (১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ফ্যাশন ডিজাইন-এ স্নাতক/ফ্যাশন ডিজাইনে ডিপ্লোমা থাকতে হবে। (২) প্রার্থীর বয়সসীমা ২১-৫০ বছরের মধ্যে হতে হবে; (৩) প্রার্থীগণ ১ বছর সময়কালে শুধু কোর্স চলাকালীন সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন; (৪) পুরাতন/অভিজ্ঞ প্রশিক্ষকগণ শারীরিকভাবে দায়িত্বপালনে সক্ষম থাকলে তাদের মধ্য থেকে প্রশিক্ষক নিয়োগের অগ্রাধিকার দিতে হবে; (৫) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স ৬৫ বছর পর্যন্ত এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য) তবে শারীরিক অক্ষমতা বা চাকুরীকালীন অসদাচরণের দায়ে অভিযুক্ত হলে অযোগ্য বলে বিবেচিত হবেন; (৬) প্রার্থীর সংশ্লিষ্ট ট্রেডকোর্সের কারিগরি সনদপত্র থাকতে হবে; (৭) প্রার্থীকে বাংলাদেশি নাগরিক হতে হবে। | প্যাটার্ন মেকিং, ফিগার ড্রইং ও বডি মেজারমেন্ট | প্রতি ক্লাস ১,০০০ (এক হাজার) টাকা করে মোট ০৫ (পাঁচ)টি ক্লাস। ১,০০০X৫ =৫,০০০/- |
| ০২ | প্রশিক্ষক (কাটিং) | ০১ | (১) এইচএসসি/সমমান পাশ ও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে ফ্যাশন ডিজাইন ও কাটিং-এ কমপক্ষে ০২ (দুই) মাসের শর্ট কোর্স থাকতে হবে। (২) প্রার্থীর বয়সসীমা ২১-৫০ বছরের মধ্যে হতে হবে; (৩) প্রার্থীগণ ১ বছর সময়কালে শুধু কোর্স চলাকালীন সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন; (৪) পুরাতন/অভিজ্ঞ প্রশিক্ষকগণ শারীরিকভাবে দায়িত্বপালনে সক্ষম থাকলে তাদের মধ্য থেকে প্রশিক্ষক নিয়োগের অগ্রাধিকার দিতে হবে; (৫) সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা থাকলে বয়স ৬৫ বছর পর্যন্ত এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য) তবে শারীরিক অক্ষমতা বা চাকুরীকালীন অসদাচরণের দায়ে অভিযুক্ত হলে অযোগ্য বলে বিবেচিত হবেন; (৬) প্রার্থীর সংশ্লিষ্ট ট্রেড কোর্সের কারিগরি সনদপত্র থাকতে হবে; (৭) প্রার্থীকে বাংলাদেশি নাগরিক হতে হবে। | আইটেম কাটিংও প্যাটার্ন তৈরি | প্রতিটি আইটেম ৩,৫০০ (তিন হাজার পাঁচশত) টাকা করে মোট ০৫ (পাঁচ) টি। ৩,৫০০X৫=১৭,৫০০/- |
| ০৩ | প্রশিক্ষক (সেলাই) | | (১) শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এসএসসি বা সমমান পাশ হতে হবে; (২) প্রার্থীর বয়সসীমা ২১-৫০ বছরের মধ্যে হতে হবে; (৩) প্রার্থীগণ ১ বছর সময়কালে শুধু কোর্স চলাকালীন সময়ের জন্য নিয়োগপ্রাপ্ত হবেন; (৪) পুরাতন/অভিজ্ঞ প্রশিক্ষকগণ শারীরিকভাবে দায়িত্ব পালনে সক্ষম থাকলে তাদের মধ্য থেকে প্রশিক্ষক নিয়োগের অগ্রাধিকার দিতে হবে; (৫) সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রদানে ন্যূনতম ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। তবে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষণ প্রদানে ১০ বছরের অধিক অভিজ্ঞতা থাকলে বয়স ৬৫ বছর পর্যন্ত এবং শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। তবে শারীরিক অক্ষমতা বা চাকুরীকালীন অসদাচরণের দায়ে অভিযুক্ত হলে অযোগ্য বলে বিবেচিত হবেন; (৬) প্রার্থীর সংশ্লিষ্ট ট্রেডকোর্সের কারিগরি সনদপত্র থাকতে হবে; (৭) প্রার্থীকে বাংলাদেশি নাগরিক হতে হবে। | সেলাই কার্যক্রম ও পোশাক তৈরি | প্রতি মাসে ৬,০০০/- (ছয় হাজার) টাকা করে মোট ২ (দুই) মাস ৬,০০০X২ = ১২,০০০/- (বারো হাজার) টাকা। |

**আবেদন প্রক্রিয়াঃ**

১) আগ্রহী প্রার্থীগণকে স্বহস্তে আবেদনপত্র সরাসরি অথবা ডাকযোগে আগামী ১৪-০৯-২০২৬খ্রি: তারিখের মধ্যে প্রধান নকশাবিদ, নকশাকেন্দ্র, বিসিক, ঢাকা বরাবর দাখিল করতে হবে;

২) আবেদনপত্র যাচাই-বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার আহ্বান জানানো হবে।

**প্রয়োজনীয় কাগজপত্রাদিঃ**

১) লিখিত আবেদনপত্র;
২) প্রার্থীর জীবন বৃত্তান্ত ০১ (এক) কপি;
৩) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রাদির ০১ (এক) কপি অনুলিপি;
৪) সদ্যতোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (রঙিন);
৫) জাতীয় পরিচয় পত্রের অনুলিপি ।

**শর্তাদিঃ**

১) এ নিয়োগ সম্পূর্ণ চুক্তিভিত্তিক ও উল্লিখিত প্রশিক্ষণ কোর্সের জন্য প্রযোজ্য;
২) কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত কোর্সের সময়সূচি পরিবর্তন করতে পারবে;
৩) বিসিক কর্তৃক প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হবে;
৪) নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

প্রধান নকশাবিদ
নকশাকেন্দ্র, বিসিক, ঢাকা।

অনুলিপি:

১। আইসিটি সেল প্রধান, আইসিটি সেল, বিসিক, ঢাকা (ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
২। চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। পরিচালক (বিপণন, নকশা ও কারুশিল্প) এর ব্যক্তিগত সহকারী, বিসিক, ঢাকা; (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। সংশ্লিষ্ট নথি।

CamScanner